

যুগান্তর

সাত দিনের মধ্যে ফল চ্যালেঞ্জের আবেদন

যুগান্তর প্রতিবেদন

০৯ ফেব্রুয়ারি ২০২৩, ০০:০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)

এইচএসসি ও সমমানের ফল চ্যালেঞ্জ করার ব্যবস্থা রাখা হয়েছে। ফল পুনঃনিরীক্ষণের জন্য আজ আবেদন নেওয়া শুরু হবে। ১৫ ফেব্রুয়ারি পর্যন্ত মোবাইল ফোনে এসএমএস করে আবেদন করা যাবে। বিভিন্ন শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে এ সংক্রান্ত নির্দেশনা বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করা হয়েছে।

এতে বলা হয়, শুধু টেলিটেকের প্রি-পেইড নম্বর থেকে উত্তরপত্র পুনঃনিরীক্ষণের আবেদন করা যাবে। মোবাইল ফোনের Message অপশনে গিয়ে RSC লিখে স্পেস দিয়ে বোর্ডের নামের প্রথম তিনি অক্ষর লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে বিষয় কোড লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে। ফিরতি এসএমএসে ফি বাবদ কত টাকা কেটে নেওয়া হবে তা জানিয়ে একটি পিন নম্বর (পার্সোনাল আইডেন্টিফিকেশন নম্বর) দেওয়া হবে। আবেদনে সম্মত থাকলে RSC লিখে স্পেস দিয়ে YES লিখে স্পেস দিয়ে পিন নম্বর লিখে স্পেস দিয়ে যোগাযোগের জন্য একটি মোবাইল নম্বর লিখে ১৬২২২ নম্বরে এসএমএস পাঠাতে হবে। প্রতিটি বিষয় ও প্রতি পত্রের জন্য ১২৫ টাকা হারে চার্জ কাটা হবে। পরীক্ষা দেওয়া একাধিক বিষয়ে আবেদন করা যাবে। আর যে বিষয়ে দুই পত্র আছে তাতে একটি আবেদনেই উভয় পত্রের খাতা দেখা হবে। যেমন-বাংলা। এ ধরনের বিষয়ের জন্য অবশ্য উভয় পত্রের কোড উল্লেখ করতে হবে। বাংলার ক্ষেত্রে কোড হবে ১০১ ১০২। আবার একই এসএমএসে একাধিক বিষয়ের আবেদন করা যাবে, এ ক্ষেত্রে বিষয় কোড পর্যায়ক্রমে ‘কমা’ দিয়ে লিখতে হবে। যেমন : অর্থাৎ বাংলা ও ইংরেজির জন্য ১০১ ১০২ ১০৭, ১০৮।

সম্পাদক : সাহিফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএস : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023